



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

জিজিরা, কেরানীগঞ্জ, ঢাকা-১৩১০।

Web: pbs4.dhaka.gov.bd
Email: dhakapbs4@gmail.com



স্মারক নং-২৭.১২.২৬৩৮.৫৮০.০২.০০৮.২৬.

৪৩৪৭

তারিখঃ ০৭ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর মামলা-মোকদ্দমা পরিচালনা ও আইনগত মতামত প্রদানের নিমিত্ত ০১ জন আইন উপদেষ্টা নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২) যারা আইন ব্যবসায় জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্ট অন্ততঃ পক্ষে ০৮ (আট) বছর যাবৎ নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল বিচারক, যারা আইন ব্যবসায় উপজেলা (শুধুমাত্র কেরানীগঞ্জ উপজেলা) পর্যায়ে নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ৩) আইন উপদেষ্টা পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ৪) নিয়োগ পরবর্তী চুক্তিকালীন সময়ে পবিস নীতি নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী মাসিক রিটেইনার ফি সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রিম কোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ৫) অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৬) উক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম, পিতা ও মাতার নাম, (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (গ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও নাগরিকত্বের সনদপত্র, (ঘ) আইন পাসের সনদ পত্র (সত্যায়িত অনুলিপি), (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (সত্যায়িত অনুলিপি), (চ) আইনজীবী হিসাবে প্রথম এনরোলমেন্টের তারিখ (এনরোলমেন্টের সনদপত্র সত্যায়িত অনুলিপি), (ছ) আইনি অনুশীলনের সময়কাল (জেলা জজ কোর্ট), (জ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতার বিবরণী, (ঝ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত এবং অন্যান্য প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তার বিবরণীসহ (সকল সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আগামী ১২/১০/২০২৬ খ্রিঃ অফিস চলাকালীন আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌছাতে হবে।
- ৭) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/৯/২৬

(মোঃ গোলাম কাউসার তালুকদার)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা ও দায়রা জজ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস- ১/২/৩/৪।
- ০৬। সভাপতি, জেলা আইনজীবী সমিতি/প্রেস ক্লাব/বার কাউন্সিল, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, কেরানীগঞ্জ/সাভার/নবাবগঞ্জ/দোহার, ঢাকা।
- ০৮। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/শুভাঢ্যা/ হাসনাবাদ/ কলাতিয়া/আব্দুল্লাহপুর/আটিবাজার জোনাল অফিস, ঢাকা পবিস-৪।
- ০৯। এজিএম(ওএন্ডএম), বৃহত্তপুর সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-৪।
- ১০। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম/আইটি), ঢাকা পবিস-৪।
- ১১। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-৪।
- ১২। অফিস/মাষ্টার কপি।

২২/৯/২৬

(মোঃ গোলাম কাউসার তালুকদার)
জেনারেল ম্যানেজার